তারিখ ... 29 SEP 2016 ...
পৃষ্ঠা ৩৩ ... কলাম ... ৭ ......

যুগান্তর

সাংবাদিকদের সঙ্গে দুর্ব্যবহার

# এনটিআরসিএ চেয়ারম্যানকে শিক্ষামন্ত্রীর তলব, ভর্ৎসনা

যুগান্তর রিপোর্ট

শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যানকে তলব করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বুধবার দুপুরে সচিবালয়ে তাকে ডেকে ভর্ৎসনা করেন তিনি। মঙ্গলবার এনটিআরসিএ'র চেয়ারম্যান ৫ সাংবাদিকের সঙ্গে দুর্ব্যবহারের পাশাপাশি পুলিশে ধরিয়ে দেয়ার চেষ্টা করেছিলেন।

মন্ত্রীর দফতরের কর্মকর্তারা জানান, বুধবারের বিভিন্ন জাতীয় দৈনিকে এনটিআরসিএতে সেবা প্রত্যাশীদের ভোগান্তি ও সাংবাদিকদের সঙ্গে অসদাচরণের খবর প্রকাশ পায়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রী এনটিআরসিএ'র চেয়ারম্যান এএমএম আজহারকে তলব করেন। মন্ত্রীর অভিযোগের বিষয়ে এনটিআরসিএ চেয়ারম্যানের কাছে ব্যাখ্যা চান। পাশাপাশি তাকে সতর্কও করা হয়েছে।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেন, মঙ্গলবারই তিনি সাংবাদিকদের সঙ্গে দুর্ব্যবহার ও অন্য ঘটনা অবহিত হন। তাৎক্ষণিকভাবে ওইদিনই তিনি এনটিআরসিএ চেয়ারম্যানকে ফোনে দুই দফায় সতর্ক করেন। পাশাপাশি বুধবার সচিবালয়ে ডেকে উত্থাপিত সব অভিযোগের বিষয়ে জানতে চান। চেয়ারম্যান অবশ্য বলেছেন, ব্যস্ততার কারণে সাংবাদিকদের সঙ্গে দেখা করতে চাননি। তাছাড়া না বুঝে পুলিশ ডেকে আনার কথাও স্বীকার করেছেন। মন্ত্রী আরও বলেন, এনটিআরসিএতে বিভিন্ন সময়ে স্থানীয় কিছু লোকজন গিয়ে প্রতিষ্ঠানের ভেতরে ঝামেলা করে। এ কারণে লোহার গেট তৈরি করা হয়েছে।